

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ২, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

আদেশ

তারিখ, ১১ই ফাল্গুন ১৪০৫/২০শে ফেব্রুয়ারী ১৯৯৯

এস, আর, ও নং ৩২-আইন/৯৯—Imports and Exports (Control) Act, 1950 (XXXIX of 1950) এর section 3(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানি নীতি আদেশ, ১৯৯৭—২০০২ এর নিম্নরূপ আধিকার সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশ-এর পরিশিষ্ট-১ এর—(১) “(ক) আমদানি নিষিদ্ধ পণ্যের তালিকা” শিরোনামাধীন কলাম ১ এর এইচ এস হেডিং নং ৩৮'০৮ এর বিপরীতে উল্লিখিত কলাম ৩ এর “সিনথেটিক পাইরিথ্রয়েড,” শব্দগুলি ও কমা বিলুপ্ত হইবে;

(২) “(খ) শর্তবদ্ধ আমদানিযোগ্য পণ্যের তালিকা” শিরোনামাধীন কলাম ১ এর এইচ এস হেডিং নং—

(ক) ৪৮'০৮ ও উহার বিপরীতে কলাম ২, ৩ ও ৪ এ উল্লিখিত এন্টিগম্বুহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এইচ এস হেডিং নং ও এন্টিগম্বুহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৩৮'০৮ সকল এইচ নিষিদ্ধ তালিকায় (ক) এই আদেশের ২৬(৫) অনুচ্ছেদে বর্ণিত
এস কোড বর্ণিত পণ্যসমূহ (খ) শর্তসাপেক্ষে আমদানিযোগ্য।
ব্যতীত সকল পণ্য।

(৩) স্বাস্থ্য মন্ত্রণালয়ের সার্টিফিকেট ও নিশ্চয়তা প্রদানের ভিত্তিতে কেবলমাত্র জনস্বাস্থ্য ব্যবহারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমতিক্রমে সিনথেটিক পাইরিথ্রয়েড গ্রুপের ডেল্টামেথিন আমদানি করা যাইবে।

(৯২৯)

মূল্য : টাকা ১-০০

- (গ) নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সিনথেটিক পাই-রিথ্রয়েড গ্রুপের
- (i) Cyhalothrin,
 - (ii) Cypermethrin,
 - (iii) Cyfluthrin,
 - (iv) Fenvelarate
 - (v) Alpha Cypermethrin,
 - (vi) Es-Fenvelarate
- কীটনাশক আমদানি করা যাইবে, যথা :—

- (অ) আমদানিকৃত কীটনাশকের বিবরণ অবশ্যই কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে প্রদান করিতে হইবে এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উহার ব্যবহার মনিটর করিবে;
- (আ) Pesticide Rules, 1985 মোতাবেক অনুমোদিত নাজা অনুযায়ী উহা ব্যবহার করিতে হইবে।”

(খ) ৭২.১০ এবং উহার বিপরীতে কলান ২, ৩ ও ৪ এর এন্ট্রিসমূহের পর যথাক্রমে নিম্নরূপ এইচএস হেডিং নং এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

- | | |
|---|--|
| <p>“৭৬.০২ ৭৬.০২.০০ এলুমিনিয়াম ওয়েস্ট এণ্ড স্ক্রাপ</p> | <p>(ক) কেবলমাত্র এলুমিনিয়াম তৈজসপত্র প্রস্তুতকারী স্বীকৃত শিল্প প্রতিষ্ঠানসমূহ উহাদের আই আর সি-তে উল্লেখিত উৎপাদন কক্ষত অনুযায়ী আমদানি করিতে পারিবে।</p> |
| | <p>(খ) আমদানির সংগে সংগে আমদানিকৃত এলুমিনিয়াম ওয়েস্ট এণ্ড স্ক্রাপের উৎস এবং উৎসদেশ সম্পর্কে পরিবেশ অধিদপ্তরকে অবহিত করিতে হইবে।”</p> |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ফজলুর রহমান
উপ-সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়
ঢাকা কতৃক মন্ত্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কতৃক প্রকাশিত।